বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১৬০ তারিখ: ০৪ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
১৯ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: ৯৬৯তম কমিশন সভা।**

বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সভাপতিত্বে ৯৬৯তম কমিশন সভা অদ্য ১৯/০৮/২০২৫ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

কমিশন সভায় পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্সের সুপারিশসমূহ বিবেচনায় নিয়ে এবং বিনিয়োগকারী ও ইউনিটহোল্ডারদের স্বার্থের সর্বোচ্চ সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১' রহিত করে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০২৫' এর খসড়া অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ ও মিউচ্যুয়াল ফান্ডের সুশাসন নিশ্চিতকরণ এবং মিউচ্যুয়াল ফান্ড খাত সংশ্লিষ্ট বিভিন্ন পক্ষসমূহ তথা: ট্রাস্টি, হেফাজতকারি ও সম্পদ ব্যবস্থাপকের দায়িত্ব ও কর্তব্য বিবেচনায় নিয়েই খসড়া বিধিমালাটি করা হয়েছে। খসড়া বিধিমালাটি এ পর্যায়ে জনমত যাচাইয়ের লক্ষ্যে কমিশনের ওয়েবসাইট ও জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

১৯/০৮/২০২৫

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র